

“ছেলে হোক, মেয়ে হোক  
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।  
www.fpo.mirzaganj.gov.bd



স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-

তারিখ : ২২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করাসহ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি ও দায়িত্বভার  
বুঝিয়া না নেওয়ায় পুনঃ কারণ দর্শানো প্রসঙ্গে।

বর্ণিত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনি মির্জাগঞ্জ উপজেলার মজিদবাড়িয়া ইউনিয়নে ২/ক ইউনিটে পরিবার  
কল্যাণ সহকারী হিসেবে মন্বিয়োগপ্রাপ্ত হন এবং গত ২৬/১২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগদানপত্র দাখিল করেন এবং  
ঐ দিনই আপনার যোগদানপত্র গৃহীত হয়। যোগদানের পর থেকে অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিতি এবং দায়িত্বভার বুঝিয়া না নেওয়ার  
জন্য অত্র কার্যালয়ের স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-১১, তারিখ : ০৯/০১/২০২৩ খ্রিষ্টাব্দ মোতাবেক আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান  
করা হয়। যা রেজিস্ট্রি ডাক যোগে গত ১০/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ আপনার স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। উক্ত নোটিশে আপনাকে ০৩  
(তিন) কর্মদিবসের মধ্যে জবাব প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হয়। কিন্তু ০৩ (তিন) কর্মদিবস অতিবাহিত হওয়া সত্ত্বেও অদ্য  
২২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং অফিসে কোন ধরনের যোগাযোগও করেননি।  
উপরন্তু আপনি অদ্য ২২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত আপনার কর্ম এলাকায় উর্দ্ধতন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন।

২। আপনার উপরোক্ত কর্মকাণ্ডে সরকারী দায়িত্ব কর্তব্য পালনে চরম অবহেলা, শৈথিল্য ও বিভাগীয় ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হচ্ছে  
মর্মে নিম্নস্বাক্ষরকারীর কাছে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, আপনার এহেন কর্মকাণ্ডের বিষয়ে কেন সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ ও আপনার নিয়োগপত্রের  
০৪ (চার) নম্বর শর্ত মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে না তার সন্তোষজনক জবাব অত্র পত্র  
প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল।

২২/

জনাব আরিয়ানা আফরীন  
পরিবার কল্যাণ সহকারী  
২/ক ইউনিট, মজিদবাড়িয়া ইউনিয়ন,  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

(মোঃ শফিকুল ইসলাম)  
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও  
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃ দাঃ)  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।  
ফোন : ০৪৪২৬-৭৫২৪২  
E-mail : ufpo.mirza@gmail.com

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-২২/৩ (৫)

তারিখ : ২২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৪। সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি), মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৫। চেয়ারম্যান, মজিদবাড়িয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৬। পরিবার পরিকল্পনা পরিদর্শক, মজিদবাড়িয়া ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

২২/০১/২৩

(মোঃ শফিকুল ইসলাম)  
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও  
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃ দাঃ)  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।  
ফোন : ০৪৪২৬-৭৫২৪২  
E-mail : ufpo.mirza@gmail.com